



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা।

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস (COVID-19) বিশ্বব্যাপী মহামারী আকার ধারণ করায় দেশব্যাপী এর সংক্রমন ও ব্যাপক বিস্তার রোধকল্পে সরকার গত ২৬-০৩-২০২০ তারিখে সকল সরকারি, আধা সরকারি, স্বায়ত্বশাসিত ও বেসরকারি প্রতিষ্ঠানে সাধারণ ছুটি ঘোষণা করে। সময় সময় এ ছুটির মেয়াদ বৃদ্ধিপূর্বক ৩০-০৫-২০২০ তারিখ পর্যন্ত নির্ধারণ করা হয়। এরই ধারাবাহিকতায় মন্ত্রী পরিষদ বিভাগের ২৮-০৫-২০২০ তারিখের ০৪.০০.০০০০.৫১৪.০৬.০০২.২০.১০৯ এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের ২৮-০৫-২০২০ তারিখের ইউজিসি/প্রশাঃ/৪(৪)/৭৩/১১-১/২২২৭ নং প্রজ্ঞাপনের পরিপ্রেক্ষিতে আগামী ১৫-০৬-২০২০ তারিখ পর্যন্ত জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় বন্ধ থাকবে। ইতোপূর্বে ১২-০৪-২০২০ তারিখের রেজি/সাঃপ্রশা/৬৫৩৬(৫০০) নং বিজ্ঞপ্তিতে ঘোষিত নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

অনলাইন ক্লাশ চালু করার বিষয়ে ডিন মহোদয়গণকে বিভাগীয় সভাপতির সাথে আলাপ করে এবং বিভিন্ন ইনস্টিটিউটের পরিচালকগণকে মাননীয় প্রো-উপাচার্য (শিক্ষা)-এর নিকট আগামী ০৫-০৬-২০২০ তারিখের মধ্যে মতামত প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সর্বাবস্থায়ই বাইরে চলাচলের সময় মাস্ক পরিধানসহ অন্যান্য স্বাস্থ্যবিধি যথাযথভাবে পালন করার জন্য সকলকে অনুরোধ করা হলো।

জরুরি পরিষেবার (চিকিৎসা, বিদ্যুৎ, পানি, গ্যাস, পরিচ্ছন্নতা কার্যক্রম, নিরাপত্তা কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট ইত্যাদি) ক্ষেত্রে এ ব্যবস্থা প্রযোজ্য হবে না।


স্বাক্ষর/- রহিমা কানিজ
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

তারিখ : ৩০-০৫-২০২০ইং

স্মারক সংখ্যা : রেজি/প্রশা/৬৫৬১(১৫০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. প্রো-উপাচার্য (প্রশাসন), জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
২. প্রো-উপাচার্য (শিক্ষা), জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
৩. কোষাধ্যক্ষ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
৪. সকল ডিন, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
৫. রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
৬. পরিচালক, শিক্ষার্থী কল্যাণ ও পরামর্শদান কেন্দ্র, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
৭. সকল প্রভোস্ট, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
৮. প্রক্টর, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
৯. সকল বিভাগীয় সভাপতি/পরিচালক (আইবিএ-জেইউ/আইআইটি/বঙ্গবন্ধু তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি ইনস্টিটিউট/আইআরএস)/অফিস প্রধান/পরিচালক/ভারপ্রাপ্ত শিক্ষক, জাবি।
১০. সভাপতি/সম্পাদক, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, জাবি, সাভার, ঢাকা।
১১. সকল ডেপুটি রেজিস্ট্রার, রেজিস্ট্রার অফিস, জাবি, সাভার, ঢাকা।
১২. অধ্যক্ষ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় স্কুল ও কলেজ, সাভার, ঢাকা।
১৩. উপাচার্যের সচিব (ডেপুটি রেজিস্ট্রার), উপাচার্য অফিস, জাবি, সাভার, ঢাকা।
১৪. প্রধান নিরাপত্তা কর্মকর্তা, রেজিস্ট্রার অফিস, জাবি, সাভার, ঢাকা।
১৫. সভাপতি/সাধারণ সম্পাদক, অফিসার সমিতি, জাবি, সাভার, ঢাকা।
১৬. সভাপতি/সাধারণ সম্পাদক, কর্মচারী সমিতি/কর্মচারী ইউনিয়ন, জাবি, সাভার, ঢাকা।


৩০.৫.২০২০
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়